

স্মারক নং- ইআবি/রেজি/জনসংযোগ/সংবাদ বিজ্ঞপ্তি/২০১৫/৭৫৫০

তারিখ: ২৭/০১/২০১৯ইং

বরাবর  
সম্পাদক  
সকল দৈনিক পত্রিকা ও ইলেকট্রনিক মিডিয়া

দৃষ্টি আকর্ষণ : বার্তা সম্পাদক/ চীফ রিপোর্টার/ শিক্ষা রিপোর্টার।

বিষয়: সংবাদ বিজ্ঞপ্তি প্রচার প্রসঙ্গে।

প্রিয় মহোদয়,  
ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ের নিম্নোক্ত সংবাদ বিজ্ঞপ্তিটি আপনার বহুল প্রচারিত দৈনিক পত্রিকা / ইলেকট্রনিক মিডিয়া/ অনলাইন মিডিয়া সহ সকল প্রচার মাধ্যমে প্রকাশ করার জন্য অনুরোধ করা যাচ্ছে।

## সংবাদ বিজ্ঞপ্তি

# ‘নকল মুক্ত’ পরীক্ষা গ্রহণে কামিল পরীক্ষা পর্যবেক্ষকদের উপাচার্য প্রফেসর ড. মুহাম্মদ আহসান উল্লাহর নির্দেশনা

ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ের মাননীয় উপাচার্য প্রফেসর ড. মুহাম্মদ আহসান উল্লাহ এর সভাপতিত্বে আজ সকালে বিশ্ববিদ্যালয়ের অডিটোরিয়ামে কামিল (স্নাতকোত্তর) ১ম ও ২য় পর্ব পরীক্ষা-২০১৮ কেন্দ্র পর্যবেক্ষকদের প্রশিক্ষণ সভা অনুষ্ঠিত হয়। সভায় উপাচার্য আগামী ২৯ জানুয়ারী কামিল পরীক্ষায় নকলমুক্ত, সুষ্ঠু ও শান্তিপূর্ণভাবে সম্পন্ন করার জন্য দিকনির্দেশনা মূলক বক্তব্য দেন। তিনি আরো বলেন মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার উন্নয়নের ধারা অব্যাহত রাখতে দুর্নীতি মুক্ত সমাজ গঠনে ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ের অগ্রণী ভূমিকা রাখতে হবে। বিশ্ববিদ্যালয়ের আইন কানুনগুলো মেনে চলতে হবে। বিশ্ববিদ্যালয় যেন শিক্ষাবান্ধব হয় সে বিষয়ে সজাগ থাকতে হবে। তিনি পরীক্ষায় সুষ্ঠুভাবে পরিচালনা করতে পরীক্ষা কেন্দ্র পর্যবেক্ষকদের সহযোগিতা কামনা করেন।

সভায় আরো বক্তব্য রাখেন প্রফেসর ড. মোহাম্মদ ইলিয়াছ ছিদ্দিকী, ডিন, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, পরীক্ষা নিয়ন্ত্রক, প্রফেসর সিরাজ উদ্দিন আহমদ, অধ্যক্ষ মাওলানা শাকীর আহমদ মোমতাজী, মহাসচিব, বাংলাদেশ জমিয়াতুল মোদারেরছীন। সভায় আট বিভাগের দায়িত্ব প্রাপ্ত পর্যবেক্ষকবৃন্দ উপস্থিত ছিলেন।

স্বাক্ষরিত/-  
রেজিস্ট্রার (ভারপ্রাপ্ত)  
ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়।

